

নং-৩৩.০২.০০০০.১২১.০৬.০০১.১৯- ২৪২

তারিখ: ০৬/১০/২০২০খ্রি.


বিষয়: দেশে বিদ্যমান মৎস্য অভয়াশ্রমসমূহের হালনাগাদ তথ্যাদি প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, দেশীয় মৎস্য প্রজাতি সংরক্ষণ, অবাধ প্রজনন ও বংশবৃদ্ধির মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি এবং জলজ জীববৈচিত্র্য সংরক্ষণে মৎস্য অভয়াশ্রম একটি কার্যকর ব্যবস্থাপনা কৌশল। বর্তমানে দেশের বিভিন্ন নদ-নদী ও অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে রাজস্ব খাত ও বিভিন্ন প্রকল্পের মাধ্যমে অভয়াশ্রম সুফলভোগী কর্তৃক পরিচালিত হচ্ছে। অভয়াশ্রম সংশ্লিষ্ট জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধি লক্ষণীয়। দীর্ঘ মেয়াদে অভয়াশ্রমসমূহ ব্যবস্থাপনার লক্ষ্যে মৎস্য অভয়াশ্রম স্থাপন উপযোগী জলাশয় নির্বাচন, আয়তন, ব্যবহৃত উপকরণ, মেরামত ও সংরক্ষণ, প্রভাব নিরূপণ ইত্যাদি বিষয়ে একটি কর্মকৌশল প্রণয়ন আবশ্যিক। ইতোপূর্বে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দেশে বিদ্যমান অভয়াশ্রমের তালিকা মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রদর্শন করা হয়েছে যা হালনাগাদ করা প্রয়োজন।

এমতাবস্থায়, দেশে বিদ্যমান অভয়াশ্রমগুলোর হালনাগাদ তথ্যাদি সংযুক্ত ছক মোতাবেক MS Excel ও Nikosh ফন্ট ব্যবহার করে বিভাগের একীভূত প্রতিবেদন আগামী ২৫/১০/২০২০খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে হার্ডকপি এবং সফটকপি ই-মেইলে (ddaqua@fisheries.gov.bd, ferdousi02@yahoo.ca, frubanabau@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, জেলা ও উপজেলার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অভয়াশ্রমসমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক অভয়াশ্রমের হালনাগাদ তথ্যাদির প্রতিবেদন প্রস্তুত করবেন।

বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


(আজিজুল হক)

উপপরিচালক (মৎস্যচাষ)

ফোন: ০২-৯৫৬১৫৯২

ই-মেইল: ddaqua@fisheries.gov.bd

উপপরিচালক

মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, উত্তরা, ঢাকা/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/রাজশাহী বিভাগ, রাজশাহী/
খুলনা বিভাগ, খুলনা/ সিলেট বিভাগ, সিলেট/ বরিশাল বিভাগ, বরিশাল/ রংপুর বিভাগ, রংপুর/
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

পত্র নং- ৩৩.০২.১২০০.৮০০.৩১.০০১.১৫-৩০৬(২)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর/ নবীনগর/ নাসিরনগর/ আখাউড়া ব্রাহ্মণবাড়িয়া
- ২। উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঞ্ছারামপুর/ কসবা/ সরাইল/ আশুগঞ্জ/ বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া
- ৩। সংশ্লিষ্ট নথি

তারিখ: ০৭/১০/২০২০ খ্রি:

পত্রের মর্মানুযায়ী বিদ্যমান অভয়াশ্রমগুলোর হালনাগাদ তথ্যাদি সংযুক্ত ছক মোতাবেক MS Excel ও Nikosh ফন্ট ব্যবহার করে আগামী ১৫/১০/২০২০ খ্রি: তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


তাজমহল বেগম

জেলা মৎস্য কর্মকর্তা

ব্রাহ্মণবাড়িয়া

ফোন- ০৮৫১৫৮৫০১

dfobrahmanbaria@fisheries.gov.bd